ই-মেইল/ফ্যাক্স/ডাকযোগে প্রেরিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাজেট অধিশাখা
www.mofl.gov.bd

নং- ৩৩.০০.০০০০.১০৭.২০.০০২.১৮-১৮

তারিখ: ০৩ মাঘ ১৪২৪ / ১৬ জানুয়ারি ২০১৯

**বিষয়ঃ ১৩/০১/২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (বিএমসি) সভার কার্যবিবরণী প্রেরণ।**

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে ১৩/০১/২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (বিএমসি) সভার কার্যবিবরণী পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে সভার কার্যবিবরণী।

(মো: মাহবুবুল হক)
উপসচিব (বাজেট)
ফোন নং-৯৫৪৫৭৭১
E-mail: ds_budget@mofl.gov.bd

**বিতরণ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):**

১. সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে-বাংলা নগর, ঢাকা (দৃষ্টি আকর্ষণঃ পরিচালক, কৃষি, পল্লী উন্নয়ন ও গবেষণা সেক্টর)।
২. অতিরিক্ত সচিব (প্রশাসন/প্রাণিসম্পদ-২), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, ২৩-২৪, কাওরান বাজার, ঢাকা।
৪. যুগ্মসচিব (মৎস্য/প্রাণিসম্পদ-১/প্রাণিসম্পদ-৪/ব্লু ইকোনমি/প্রাণিসম্পদ-৩), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. যুগ্মসচিব (বাজেট-৬ অধিশাখা), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. উপ-পরিচালক (যুগ্মসচিব), মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৭. যুগ্ম-প্রধান, পরিকল্পনা উইং, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেইট, ঢাকা।
৯. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
১০. মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
১১. মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনিস্টিটিউট, সাভার, ঢাকা।
১২. উপসচিব, প্রশাসন-২ অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. উপসচিব (বাজেট-২০ অধিশাখা), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমী, মৎস্য বন্দর, চট্টগ্রাম।
১৫. উপ-প্রধান, বন, মৎস্য ও প্রাণিজ সম্পদ উইং, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিস্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১৬. উপ-প্রধান, কৃষি, শিল্প ও শক্তি এবং সমন্বয় উইং, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১৭. সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা (সভার কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে দেয়ার অনুরোধসহ)।
১৮. রেজিষ্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারী কাউন্সিল, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
১৯. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

**অনুলিপি (জ্ঞাতার্থে):**

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অফিস কপি।

*E:\Budget Section\Minutes (Nikosh)\Forwarding.doc*

# ১৩/০১/২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (BMC) সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ রইছউল আলম মন্ডল<br>সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| সভার স্থান | : | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫১০ ও ৫১২, ভবন নং-৬) |
| তারিখ | : | ১৩/০১/২০১৯ খ্রিঃ |
| সময় | : | বিকাল ৩:০০ ঘটিকা |
| উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট-ক |

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব ও বাজেট ব্যবস্থাপনা কমিটির সভাপতি জনাব মোঃ রইছউল আলম মন্ডল-এর সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার আলোচনা উপস্থাপনের জন্য যুগ্মসচিব (বাজেট)কে আহ্বান জানান। অত:পর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচি-০১: বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ:** সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (বাজেট) সভায় জানান যে, বিগত ২২/১০/২০১৮ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (BMC) সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। উক্ত কার্যবিবরণীর উপর কোন সংশোধনী প্রস্তাব থাকলে উহা উপস্থাপনের জন্য সদস্যগণকে অনুরোধ জানান। এ প্রেক্ষিতে সভায় উপস্থিত কমিটির সদস্যগণ বিগত সভার কার্যবিবরণী পেয়েছেন মর্মে সভাকে অবহিত করেন এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় বিগত সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

**আলোচ্যসূচি-০২: মধ্যমেয়াদি বাজেট কাঠামোর (MTBF) আওতায় ২০১৯-২০ অর্থবছরের রাজস্ব প্রাপ্তি ও প্রস্তাবিত ব্যয়সীমার প্রাক্কলন (পরিচালন ও উন্নয়ন) এবং ২০২০-২১ ও ২০২১-২২ অর্থবছরের রাজস্ব প্রাপ্তি ও প্রস্তাবিত ব্যয়সীমার প্রক্ষেপণ (পরিচালন ও উন্নয়ন) প্রণয়নের নিমিত্ত বিভাজন অনুমোদনঃ**

সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (বাজেট) সভায় জানান যে, অর্থ বিভাগের জারিকৃত বাজেট পরিপত্র-১ এ ২০১৯-২০ অর্থবছরের রাজস্ব প্রাপ্তি ও প্রস্তাবিত ব্যয়সীমার প্রাক্কলন (পরিচালন ও উন্নয়ন) এবং ২০২০-২১ ও ২০২১-২২ অর্থবছরের রাজস্ব প্রাপ্তি ও প্রস্তাবিত ব্যয়সীমার প্রক্ষেপণ (পরিচালন ও উন্নয়ন) এবং সম্ভাব্য প্রকল্প সাহায্যের প্রাক্কলন ও প্রক্ষেপণ-এর সিলিং নিম্নরূপভাবে নির্ধারিত রয়েছেঃ

**রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন ও প্রক্ষেপণ**

(অংকসমূহ কোটি টাকায়)

| মন্ত্রণালয় কোড | বিবরণ | বাজেট ২০১৮-১৯ | প্রস্তাবিত বাজেট ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১৪৪ | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | ৬৮.৪৩ | ৭৬.৩৯ | ৮৫.৫৬ | ৯৫.৮৩ |

**মন্ত্রণালয়/বিভাগসমূহের প্রস্তাবিত ব্যয়সীমা**

(অংকসমূহ কোটি টাকায়)

| মন্ত্রণালয় কোড | মন্ত্রণালয়/বিভাগ | বাজেট ২০১৮-১৯ | প্রস্তাবিত বাজেট ২০১৯-২০ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | | | | ২০২০-২১ | ২০২১-২২ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১৪৪ | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | ১৮৬৮.৬৭ | ২০৫৫.৩৫ | ২২৬০.৯০ | ২৪৮৭.০১ |

**মন্ত্রণালয়/বিভাগসমূহের সম্ভাব্য বৈদেশিক সহায়তার প্রক্ষেপণ**

(অংকসমূহ কোটি টাকায়)

| মন্ত্রণালয় কোড | মন্ত্রণালয়/বিভাগ | প্রকল্প সাহায্য ২০১৯-২০ |
|---|---|---|
| ১৪৪ | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | ১০০০.০০ |

যুগ্মসচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, এ মন্ত্রণালয়ের অনুকূলে ২০১৮-১৯ অর্থবছরে বরাদ্দের পরিমাণ ছিল পরিচালন খাতে ৯৮৪৯৯.৮০ লক্ষ টাকা এবং উন্নয়ন খাতে ৮৮৩৬৭.০০ লক্ষ টাকা (জিওবি-৬৮১১২.০০ + পিএ-২০২৫৫.০০) সর্বমোট ১৮৬৮৬৬.৮০ লক্ষ টাকা, যার মধ্যে পরিচালন ও উন্নয়ন খাতে জিওবি অংশ ছিল (৯৮৪৯৯.৮০ + ৬৮১১২.০০) = ১৬৬৬১১.৮০ লক্ষ টাকা। কিন্তু ২০১৯-২০ অর্থবছরে প্রস্তাবিত বাজেটের ব্যয়সীমা রাখা হয়েছে সর্বমোট ২০৫৫৩৫.০০ লক্ষ টাকা, যার মধ্যে সম্ভাব্য প্রকল্প সাহায্য (পিএ) বা বৈদেশিক সহায়তার প্রক্ষেপণ দেয়া হয়েছে ১০০০০০.০০ লক্ষ টাকা। উন্নয়ন খাতে প্রকল্প সাহায্যের চাহিদা ৮৭৭৯৯.০০ লক্ষ টাকা হলেও প্রকল্প সাহায্যের সিলিং দেয়া হয়েছে ১০০০০০.০০ লক্ষ টাকা, যা চাহিদার চেয়ে (১০০০০০.০০ - ৮৭৭৯৯.০০) = ১২২০১.০০ লক্ষ টাকা বেশী। ২০১৯-২০ অর্থবছরের বাজেটের ব্যয়সীমা হতে প্রকল্প সাহায্য (পিএ) বাদ দিলে পরিচালন ও উন্নয়ন খাতে জিওবি অংশে অবশিষ্ট থাকে (২০৫৫৩৫.০০ - ১০০০০০.০০) = ১০৫৫৩৫.০০ লক্ষ টাকা, যা গত অর্থবছরের চেয়ে (১৬৬৬১১.৮০ - ১০৫৫৩৫.০০ ) = ৬১০৭৬.৮০ লক্ষ টাকা কম। তথাপি অর্থ বিভাগের নির্ধারিত সিলিং-এর আলোকে গত ০৬/০১/২০১৯ খ্রিঃ তারিখে বাজেট ওয়ার্কিং গ্রুপ (BWG)-এর সভায় একটি বিভাজন প্রণয়ন করা হয়। তিনি বাস্তবভিত্তিক বাজেট প্রণয়নের জন্য মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অনুকূলে ২০১৯-২০ অর্থবছরের সিলিং/বরাদ্দ বৃদ্ধির অপরিহার্যতা তুলে ধরেন। এ প্রেক্ষিতে অর্থ বিভাগের যুগ্মসচিব জনাব মোঃ ইয়াসীন এ মন্ত্রণালয়ের অনুকুলে ধার্যকৃত সিলিং অপ্রতুল হওয়ায় যথাযথ পদ্ধতিতে উহা বৃদ্ধি করা সম্ভব বলে সভায় অবহিত করেন।

এ সংক্রান্ত আলোচনায় অংশ নিয়ে মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর বলেন যে, পোনা অবমুক্তকরণ, মাছ না ধরার জন্য খাদ্য ভর্তুকি বাড়ানোসহ মৎস্য অধিদপ্তরের উন্নয়ন প্রকল্পসহ চলমান কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখা এবং জনবল নিয়োগের কারণে জিওবি (পরিচালন ও উন্নয়ন) খাতে প্রয়োজনীয় বরাদ্দ থাকা আবশ্যক। উপস্থাপিত বিভাজন অনুযায়ী জিওবি (পরিচালন ও উন্নয়ন) অংশের ঘাটতি ৩৭২৮৭.৭১ লক্ষ টাকা পূরণের প্রয়োজনীয়তা তুলে ধরেন। তাঁর এ বক্তব্যের সাথে সভার সভাপতিসহ উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর সভায় বলেন যে, জিওবি (পরিচালন) অংশে যে বরাদ্দ রাখা হয়েছে তা প্রাণিসম্পদ অধিদপ্তরের প্রয়োজনীয় বেতন-ভাতার চেয়েও কম। গবাদিপশুর বিভিন্ন ধরনের টিকা উৎপাদন নিশ্চিতকরণের জন্য পর্যাপ্ত বরাদ্দ থাকা প্রয়োজন। তিনি উপস্থাপিত বিভাজনে জিওবি (পরিচালন ও উন্নয়ন) অংশের ঘাটতি ৪৫৫২১.৯১ লক্ষ টাকা বরাদ্দ প্রদানের জন্য সভায় অনুরোধ জানান। এ প্রসঙ্গে সভার সভাপতি টিকা উৎপাদনের গুরুত্ব তুলে ধরে এ খাতে পর্যাপ্ত বরাদ্দ রাখার পক্ষে অভিমত ব্যক্ত করেন। মহাপরিচালক আরো বলেন যে, ২০১৯-২০ অর্থবছরে খামার ও চিড়িয়াখানার প্রাণি ক্রয়ের জন্য বরাদ্দের প্রয়োজনীয়তা রয়েছে। এ খাতে পর্যাপ্ত বরাদ্দ রাখার জন্য এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব কাজী ওয়াছি উদ্দিন অভিমত ব্যক্ত করেন। তাছাড়া, প্রাণিসম্পদ অধিদপ্তরের মাধ্যমে বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের জন্য চাহিদা অনুযায়ী বরাদ্দ প্রদানের জন্য সভায় অনুরোধ জানান। অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি ২০১৮-১৯ অর্থবছরের বরাদ্দের সাথে সংগতি রেখে ২০১৯-২০ অর্থবছরে পরিচালন খাতে ঘাটতি ৩৯.৫০ লক্ষ টাকা বরাদ্দ প্রদানের ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের প্রতিনিধি আলোচনায় অংশ নিয়ে জানান যে, জনবল নিয়োগ এবং প্রকাশনা সংক্রান্ত ব্যয় বিবেচনায় ২০১৯-২০ অর্থবছরের প্রয়োজন অনুযায়ী বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। উপস্থাপিত বিভাজনে পরিচালন অংশের ঘাটতি ৪২.২৬ লক্ষ টাকা পূরণ করার জন্য সভায় অনুরোধ জানান। মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট বলেন যে, মৎস্য খাতের উন্নয়নের লক্ষ্যে মৌলিক ও প্রয়োগিক গবেষণা পরিচালনা, উন্নত মৎস্য চাষ ও ব্যবস্থাপনা প্রযুক্তি উদ্ভাবন ইত্যাদি কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় অর্থের আলোকে ২০১৯-২০ অর্থবছরে বাজেট প্রস্তাব করা হয়েছে। চলমান কার্যক্রম অব্যাহত রাখার স্বার্থে প্রস্তাব অনুযায়ী বরাদ্দ প্রদানের জন্য জিওবি (পরিচালন ও উন্নয়ন) অংশের ঘাটতি ১৬৪৮.০০ লক্ষ টাকা পূরণের জন্য সভায় অনুরোধ জানান। মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট বলেন যে, প্রাণিসম্পদ খাতের উন্নয়নের জন্য উন্নততর গবেষণা পরিচালনা ও টেকসই প্রযুক্তি উদ্ভাবন, দেশীয় প্রাণিসম্পদের সংরক্ষণ ও উন্নয়ন ইত্যাদি কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখার লক্ষ্যে প্রস্তাব মতে বরাদ্দ রাখার অনুরোধ জানান। তিনি জিওবি (পরিচালন ও উন্নয়ন) অংশের ঘাটতি ১০৭৪.০০ লক্ষ টাকা পূরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলের প্রতিনিধি সভায় জানান যে, বাস্তব প্রয়োজনীয়তার সাথে সংগতি রেখেই বাজেট প্রস্তাব করা হয়েছে। তিনি জিওবি (উন্নয়ন) অংশে অতিরিক্ত ১২৬.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ জানান। বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের প্রতিনিধি সভায় জানান যে, মৎস্য সম্পদ ও মৎস্য শিল্পের উন্নয়ন সংশ্লিষ্ট প্রকল্পসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য প্রস্তাব মতে বরাদ্দ প্রদানের জন্য

অনুরোধ জানান। এ লক্ষ্যে জিওবি (উন্নয়ন) অংশের ঘাটতি ৭১০.০০ লক্ষ টাকা পূরণের ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। সভায় উপস্থিত এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব সুবোল বোস মনি এ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের জন্য একটি উন্নতমানের গাড়ি ও প্রশাসন শাখার জন্য মোটর সাইকেল ক্রয়ের অর্থ সংস্থান রাখার জন্য সভায় প্রস্তাব করেন। সভার আলোচনায় উপসচিব (বাজেট) বলেন যে, নতুন যানবাহন ক্রয়, আন্তর্জাতিক সংস্থা IOTC এর সদস্য পদ লাভ করায় বার্ষিক চাঁদা পরিশোধসহ নিয়মিত অন্যান্য ব্যয়ের জন্য সচিবালয় অংশে প্রয়োজনীয় বরাদ্দ থাকা আবশ্যক। এ লক্ষ্যে ২০১৯-২০ অর্থবছরে জিওবি (পরিচালন) অংশে ৩৮৮.০০ লক্ষ টাকা অতিরিক্ত বরাদ্দ রাখার জন্য অনুরোধ জানান। এ পর্যায়ে এ মন্ত্রণালয়ের যুগ্ম-প্রধান বিভিন্ন দপ্তর/সংস্থার প্রতিনিধিদের উপস্থাপিত উন্নয়ন প্রকল্পসমূহের বরাদ্দের দাবীর সাথে একমত পোষণ করে অতিরিক্ত বরাদ্দ প্রদান এবং আগামী অর্থবছরে অনুমোদন/বাস্তবায়ন যোগ্য নতুন প্রকল্পের জরুরি ব্যয় নির্বাহের জন্য সচিবালয় অংশে ৫৬০৩.০০ লক্ষ টাকা বরাদ্দ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। সভায় মন্ত্রণালয়সহ বিভিন্ন দপ্তর/সংস্থার জিওবি (পরিচালন), জিওবি ( উন্নয়ন) এবং প্রকল্প সাহায্যের ২০১৯-২০ অর্থবছরের বাজেট প্রস্তাবনার উপর বিস্তারিত আলোচনা হয়। সভার আলোচনায় বিভিন্ন দপ্তর/সংস্থার চাহিদার আলোকে দেখা যায় যে, জিওবি (পরিচালন) খাতে ১১৭৯৭৫.৩৮ লক্ষ টাকা, জিওবি (উন্নয়ন) খাতে ৮০০০০.০০ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্যে ৮৭৭৯৯.০০ লক্ষ টাকা প্রয়োজন। এক্ষেত্রে বাজেট পরিপত্র-১ এ উল্লেখিত সিলিং বিবেচনায় জিওবি (পরিচালন ও উন্নয়ন) অংশে ৯২৪৪০.৩৮ লক্ষ টাকা ঘাটতি এবং প্রকল্প সাহায্যে ১২২০১.০০ লক্ষ টাকা উদ্বৃত্ত থাকে। অত:পর বিস্তারিত আলোচনান্তে প্রকল্প সাহায্যের ১২২০১.০০ লক্ষ টাকা হ্রাস এবং জিওবি (পরিচালন ও উন্নয়ন) অংশে ৯২৪৪০.৩৮ লক্ষ টাকা অতিরিক্ত বরাদ্দের জন্য এ মন্ত্রণালয়ের সচিব কর্তৃক অর্থ বিভাগের সচিব বরাবরে আধাসরকারি পত্র প্রেরণ এবং মন্ত্রণালয়সহ অধিদপ্তর/দপ্তর/সংস্থার অনুকূলে নিম্নরূপভাবে রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রার প্রাক্কলন ও প্রক্ষেপণ এবং ব্যয়সীমার প্রাক্কলন ও প্রক্ষেপণ-এর বিভাজন অনুমোদনের বিষয়ে সভায় উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন।

**প্রাপ্তির আয়সীমা মন্ত্রণালয়সহ বিভিন্ন দপ্তর/অধিদপ্তর/সংস্থার অনুকূলে বিভাজন**

(অংকসমূহ লক্ষ টাকায়)

| মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা | বাজেট | প্রাক্কলন | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|
| | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ |
| ১ | ৩ | ৪ | ৫ | ৬ |
| **স্বায়ত্তশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠান** | | | | |
| বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন | ১০.০০ | ১০.০০ | ১০.০০ | ১০.০০ |
| বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট-স্বায়ত্তশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠান (সহায়তা কার্যক্রম)** | **১০.০০** | **১০.০০** | **১০.০০** | **১০.০০** |
| সচিবালয় | ২৫.১০ | ২৫.১০ | ২৫.১০ | ২৫.১০ |
| **মোট সচিবালয়** | **৩৫.১০** | **৩৫.১০** | **৩৫.১০** | **৩৫.১০** |
| মেরিন ফিশারিজ একাডেমী | ৪৬.০০ | ৫০.০০ | ৫২.০০ | ৫৫.০০ |
| মৎস্য অধিদপ্তর | ২১১৯.৭০ | ২৫৫৩.৭০ | ৩০৬৮.৭০ | ৩৫৯২.৬৫ |
| মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর | ০.০৮ | ০.২০ | ০.২০ | ০.২৫ |
| প্রাণিসম্পদ অধিদপ্তর | ৪৫৬৫.০০ | ৫০০০.০০ | ৫৪০০.০০ | ৫৯০০.০০ |
| **সর্বমোট** | **৬৭৬৫.৮৮** | **৭৬৩৯.০০** | **৮৫৫৬.০০** | **৯৫৮৩.০০** |

## প্রাপ্ত ব্যয়সীমা (বৈদেশিক সহায়তাসহ) মন্ত্রণালয়সহ বিভিন্ন অধিদপ্তর/দপ্তর/সংস্থার অনুকূলে বিভাজন

(অংকসমূহ লক্ষ টাকায়)

| দপ্তর/অধিদপ্তর/সংস্থার নাম | বাজেট | মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/সংস্থা সমূহের চাহিদা | প্রাক্কলন | মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/ সংস্থা সমূহের অতিরিক্ত চাহিদা/উদ্বৃত | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০১৯-২০ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ |
| সচিবালয় | | | | | | |
| মোট পরিচালন | ২২৬৬.৩৫ | ২৮০৭.৯৫ | ২৪৭৯.৯৫ | ৩২৮.০০ | ২৬৩০.০০ | ২৮০৬.০০ |
| জিওবি (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | | ০.০০ | ০.০০ | ০.০০ |
| পিএ (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট উন্নয়ন(জিওবি+পিএ)** | **০.০০** | **০.০০** | **০.০০** | **০.০০** | **০.০০** | **০.০০** |
| জিওবি (উন্নয়ন থোক) | ৯১১৫.০০ | ৫৬০৩.০০ | ০.০০ | ৫৬০৩.০০ | ০.০০ | ০.০০ |
| পিএ (উন্নয়ন থোক) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট থোক (জিওবি+পিএ)** | **৯১১৫.০০** | **৫৬০৩.০০** | ০.০০ | ৫৬০৩.০০ | ০.০০ | ০.০০ |
| **সর্বমোট উন্নয়ন(জিওবি+পিএ+থোক)** | **৯১১৫.০০** | **৫৬০৩.০০** | ০.০০ | ৫৬০৩.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | **১১৩৮১.৩৫** | **৮৪১০.৯৫** | **২৪৭৯.৯৫** | **৫৯৩১.০০** | **২৬৩০.০০** | **২৮০৬.০০** |
| **আন্তর্জাতিক সংস্থার চাঁদা** | | | | | | |
| **উপমোট (সহায়তা কার্যক্রম)** | ৭৩.০০ | ১৩৩.০০ | ৭৩.০০ | ৬০.০০ | ১৩৪.০০ | ১৩৬.০০ |
| **মৎস্য অধিদপ্তর** | | | | | | |
| **মোট পরিচালন** | ২৭০৬৩.০০ | ৩৬২৮৪.৩৮ | ১৯১২৮.৬৭ | ১৭১৫৫.৭১ | ৩২০৪০.০০ | ৩৫২৪৫.০০ |
| জিওবি (উন্নয়ন) | ২৪২৪২.০০ | ২৯১৩২.০০ | ৯০০০.০০ | ২০১৩২.০০ | ১৫৫৬৪.০০ | ৯৫০০.০০ |
| পিএ (উন্নয়ন) | ৯৮৮৬.০০ | ২৬৬০৬.০০ | ৩৮৬৪০.০০ | -১২০৩৪.০০ | ৩০৫০.০০ | ৩৪২২৮.০০ |
| **মোট উন্নয়ন** | **৩৪১২৮.০০** | **৫৫৭৩৮.০০** | **৪৭৬৪০.০০** | **৮০৯৮.০০** | **১৮৬১৪.০০** | **৪৩৭২৮.০০** |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | **৬১১৯১.০০** | **৯২০২২.৩৮** | **৬৬৭৬৮.৬৭** | **২৫২৫৩.৭১** | **৫০৬৫৪.০০** | **৭৮৯৭৩.০০** |
| **প্রাণিসম্পদ অধিদপ্তর** | | | | | | |
| **মোট পরিচালন** | ৬১৬৩৭.৬৫ | ৭০২৪৪.২৬ | ৪৭৪২৯.৩৫ | ২২৮১৪.৯১ | ৭২০৯০.০০ | ৭৯২৯৯.০০ |
| জিওবি (উন্নয়ন) | ২২৬২৯.০০ | ৩৪৭০৭.০০ | ১২০০০.০০ | ২২৭০৭.০০ | ৩০২৭০.০০ | ১৫৩১২.০০ |
| পিএ (উন্নয়ন) | ১০৩৬৯.০০ | ৬০৯৬০.০০ | ৬০৯৬০.০০ | ০.০০ | ৫৭২১৭.০০ | ৫৮৭৩৯.০০ |
| **মোট উন্নয়ন** | **৩২৯৯৮.০০** | **৯৫৬৬৭.০০** | **৭২৯৬০.০০** | ২২৭০৭.০০ | **৮৭৪৮৭.০০** | **৭৪০৫১.০০** |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | **৯৪৬৩৫.৬৫** | **১৬৫৯১১.২৬** | **১২০৩৮৯.৩৫** | ৪৫৫২১.৯১ | **১৫৯৫৭৭.০০** | **১৫৩৩৫০.০০** |
| **মেরিন ফিশারিজ একাডেমী** | | | | | | |
| **মোট পরিচালন** | ৮০৫.০০ | ৯২৫.০০ | ৮৮৫.৫০ | ৩৯.৫০ | ৯৫০.০০ | ৯৭৫.০০ |
| জিওবি (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| পিএ (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট উন্নয়ন** | **০.০০** | **০.০০** | **০.০০** | ০.০০ | **০.০০** | **০.০০** |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | **৮০৫.০০** | **৯২৫.০০** | **৮৮৫.৫০** | ৩৯.৫০ | **৯৫০.০০** | **৯৭৫.০০** |
| **মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর** | | | | | | |
| মোট পরিচালন | ২৮৯.৮০ | ৪১৯.০০ | ৩৭৬.৭৪ | ৪২.২৬ | ৪৩৬.০০ | ৪৪৭.০০ |
| জিওবি (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| পিএ (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| মোট উন্নয়ন | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | **২৮৯.৮০** | **৪১৯.০০** | **৩৭৬.৭৪** | ৪২.২৬ | **৪৩৬.০০** | **৪৪৭.০০** |
| **স্বায়ত্বশাসিত সংস্থা/প্রতিষ্ঠানসমূহ** | | | | | | |
| **বাংলাদেশ মৎস্য গবেষণা ইনষ্টিটিউট** | | | | | | |
| মোট সহায়তা (নিজস্ব আয়সহ) | ৩২৬৫.০০ | ৩৬২২.০০ | ২১২২.০০ | ১৫০০.০০ | ৩৮২০.০০ | ৪০২৯.০০ |
| নিজস্ব আয় | ২৭.০০ | ২৭.০০ | ২৭.০০ | | ২৮.০০ | ২৯.০০ |
| **মোট সহায়তা (সরকারি অংশ)** | **৩২৩৮.০০** | **৩৫৯৫.০০** | **২০৯৫.০০** | **১৫০০.০০** | **৩৭৯২.০০** | **৪০০০.০০** |
| জিওবি (উন্নয়ন) | ৩৪৪৯.০০ | ৩৬৪৮.০০ | ৩৫০০.০০ | ১৪৮.০০ | ৩৪৬৫.০০ | ৩৬৩৮.০০ |
| পিএ (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | |
| **মোট উন্নয়ন** | **৩৪৪৯.০০** | **৩৬৪৮.০০** | **৩৫০০.০০** | ১৪৮.০০ | **৩৪৬৫.০০** | **৩৬৩৮.০০** |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | **৬৬৮৭.০০** | **৭২৭০.০০** | **৫৬২২.০০** | ১৬৪৮.০০ | **৭২৮৫.০০** | **৭৬৬৭.০০** |

(অংকসমূহ লক্ষ টাকায়)

| দপ্তর/অধিদপ্তর/সংস্থার নাম | বাজেট | মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/সংস্থা সমূহের চাহিদা | প্রাক্কলন | মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/সংস্থা সমূহের অতিরিক্ত চাহিদা/উর্দ্বৃত | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০১৯-২০ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ |
| বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনষ্টিটিউট | | | | | | |
| মোট সহায়তা (নিজস্ব আয়সহ) | ৩১২৯.০০ | ৩৫৭০.৬৫ | ৩০৭০.৬৫ | ৫০০.০০ | ৩৮৮৭.০০ | ৪১৮০.০০ |
| নিজস্ব আয় | ৯৫.০০ | ৯৬.০০ | ৯৬.০০ | ০.০০ | ৯৭.০০ | ৯৮.০০ |
| **মোট সহায়তা (সরকারি অংশ)** | ৩০৩৪.০০ | ৩৪৭৪.৬৫ | ২৯৭৪.৬৫ | ৫০০.০০ | ৩৭৯০.০০ | ৪০৮২.০০ |
| জিওবি (উন্নয়ন) | ২১৮২.০০ | ১০৭৪.০০ | ৫০০.০০ | ৫৭৪.০০ | ৩৩৩.০০ | ১৮৪.০০ |
| পিএ (উন্নয়ন) | ০.০০ | ২৩৩.০০ | ৪০০.০০ | -১৬৭.০০ | ৩৯.০০ | ০.০০ |
| **মোট উন্নয়ন** | ২১৮২.০০ | ১৩০৭.০০ | ৯০০.০০ | ৪০৭.০০ | ৩৭২.০০ | ১৮৪.০০ |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | ৫২১৬.০০ | ৪৮৭৭.৬৫ | ৩৯৭০.৬৫ | ৯০৭.০০ | ৪২৫৯.০০ | ৪৩৬৪.০০ |
| বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল | | | | | | |
| মোট সহায়তা (নিজস্ব আয়সহ) | ৯৪.০০ | ৯৫.১৪ | ৯৫.১৪ | ০.০০ | ১০৪.০০ | ১১৪.০০ |
| নিজস্ব আয় | ১.০০ | ৩.০০ | ৩.০০ | | ৪.০০ | ৪.০০ |
| **মোট সহায়তা (সরকারি অংশ)** | ৯৩.০০ | ৯২.১৪ | ৯২.১৪ | ০.০০ | ১০০.০০ | ১১০.০০ |
| জিওবি (উন্নয়ন) | ০.০০ | ১১২৬.০০ | ১০০০.০০ | ১২৬.০০ | ১৯০.০০ | ০.০০ |
| পিএ (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| মোট উন্নয়ন | ০.০০ | ১১২৬.০০ | ১০০০.০০ | ১২৬.০০ | ১৯০.০০ | ০.০০ |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | ৯৩.০০ | ১২২১.১৪ | ১০৯৫.১৪ | ১২৬.০০ | ২৯৪.০০ | ১১৪.০০ |
| বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন | | | | | | |
| মোট সহায়তা | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| লভ্যাংশ ও মুনাফা | ১০.০০ | ১০.০০ | ১০.০০ | | ১০.০০ | ১০.০০ |
| **মোট সহায়তা (সরকারি অংশ)** | ০.০০ | ০.০০ | ০.০০ | | ০.০০ | ০.০০ |
| জিওবি (উন্নয়ন) | ৬৪৯৫.০০ | ৪৭১০.০০ | ৪০০০.০০ | ৭১০.০০ | ০.০০ | ০.০০ |
| পিএ (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট উন্নয়ন** | ৬৪৯৫.০০ | ৪৭১০.০০ | ৪০০০.০০ | ৭১০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | ৬৪৯৫.০০ | ৪৭১০.০০ | ৪০০০.০০ | ৭১০.০০ | ০.০০ | ০.০০ |
| মোট-স্বায়ত্তশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠান (সহায়তা) | ৬৩৬৫.০০ | ৭২৮৭.৭৯ | ৫২৮৭.৭৯ | ২০০০.০০ | ৭৮১১.০০ | ৮৩২৩.০০ |
| মোট-স্বায়ত্তশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠান (নিজস্ব আয়) | ১৩৩.০০ | ১৩৬.০০ | ১৩৬.০০ | ০.০০ | ১৩৯.০০ | ১৪১.০০ |
| মোট-স্বায়ত্তশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠান (উন্নয়ন) | ১২১২৬.০০ | ১০৭৯১.০০ | ৯৪০০.০০ | ১৩৯১.০০ | ৪০২৭.০০ | ৩৮২২.০০ |
| **সর্বমোট মোট (পরিচালন)** | ৯৮৪৯৯.৮০ | ১১৭৯৭৫.৩৮ | ৭৫৫৩৫.০০ | ৪২৪৪০.৩৮ | ১১৫৯৬২.০০ | ১২৭১০০.০০ |
| **মোট জিওবি (উন্নয়ন)** | ৬৮১১২.০০ | ৮০০০০.০০ | ৩০০০০.০০ | ৫০০০০.০০ | ৪৯৮২২.০০ | ২৮৬৩৪.০০ |
| **মোট পিএ (উন্নয়ন)** | ২০২৫৫.০০ | ৮৭৭৯৯.০০ | ১০০০০০.০০ | -১২২০১.০০ | ৬০৩০৬.০০ | ৯২৯৬৭.০০ |
| **সর্বমোট মোট উন্নয়ন (জিওবি+পিএ)** | ৮৮৩৬৭.০০ | ১৬৭৭৯৯.০০ | ১৩০০০০.০০ | ৩৭৭৯৯.০০ | ১১০১২৮.০০ | ১২১৬০১.০০ |
| **সর্বমোট (পরিচালন+উন্নয়ন)** | ১৮৬৮৬৬.৮০ | ২৮৫৭৭৪.৩৮ | ২০৫৫৩৫.০০ | ৮০২৩৯.৩৮ | ২২৬০৯০.০০ | ২৪৮৭০১.০০ |

**আলোচ্যসূচি-৩: ২০১৮-১৯ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন (পরিচালন এবং উন্নয়ন) অনুমোদনঃ**

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ২৪/১২/২০১৮ খ্রিঃ তারিখের নং-০৭.১০১.০২০.০০.০০.০১০.২০১৮-৬২৮ সংখ্যক স্মারকে জারিকৃত বাজেট পরিপত্রে বর্ণিত ২০১৮-১৯ অর্থ বছরের সংশোধিত বাজেট প্রাক্কলন প্রণয়নের ক্ষেত্রে অনুসৃতব্য নীতিমালা ও পদ্ধতির আলোকে মন্ত্রণালয়সহ অধীনস্থ অধিদপ্তর/দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত প্রস্তাবের আলোকে প্রণীত ২০১৮-১৯ অর্থবছরের সংশোধিত রাজস্ব প্রাপ্তির প্রাক্কলণ এবং সংশোধিত বাজেট প্রাক্কলন (পরিচালন ও উন্নয়ন) যুগ্মসচিব (বাজেট) সভায় উপস্থাপন করেন। সভায় বিভিন্ন দপ্তর/সংস্থার সংশোধিত বাজেটে প্রস্তাবিত হ্রাস/বৃদ্ধির বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ২০১৮-১৯ অর্থবছরের সংশোধিত রাজস্ব প্রাপ্তির প্রাক্কলণ এবং সংশোধিত বাজেট প্রাক্কলন (পরিচালন ও উন্নয়ন) অনুমোদনের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

## ২০১৮-১৯ অর্থবছরের সংশোধিত রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন

(অংকসমূহ লক্ষ টাকায়)

| মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা | বাজেট | প্রস্তাবিত সংশোধিত বাজেট প্রাক্কলন |
|---|---|---|
| | ২০১৮-১৯ | ২০১৯-২০ |
| ১ | ৩ | ৪ |
| **স্বায়ত্তশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠান** | | |
| বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন | ১০.০০ | ১০.০০ |
| বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট | ০.০০ | ০.০০ |
| বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল | ০.০০ | ০.০০ |
| বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট | ০.০০ | ০.০০ |
| **মোট-স্বায়ত্তশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠান (সহায়তা কার্যক্রম)** | **১০.০০** | **১০.০০** |
| সচিবালয় | ২৫.১০ | ২৫.১০ |
| **মোট সচিবালয়** | **৩৫.১০** | **৩৫.১০** |
| মেরিন ফিশারিজ একাডেমী | ৪৬.০০ | ৪৬.০০ |
| মৎস্য অধিদপ্তর | ২১১৯.৭০ | ২১২৫.৯১ |
| মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর | ০.০৮ | ০.০৮ |
| প্রাণিসম্পদ অধিদপ্তর | ৪৫৬৫.০০ | ৪৬০০.৭০ |
| সর্বমোট | ৬৭৬৫.৮৮ | ৬৮০৭.৭৯ |

## ২০১৮-১৯ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন (পরিচালন এবং উন্নয়ন)

(অংকসমূহ লক্ষ টাকায়)

| মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা | মূল বাজেট | প্রস্তাবিত সংশোধিত বাজেট | প্রস্তাবিত সংশোধিত বাজেটে হ্রাস/বৃদ্ধি |
|---|---|---|---|
| | ২০১৮-১৯ | ২০১৮-১৯ | ২০১৮-১৯ |
| **সচিবালয়** | | | |
| **মোট পরিচালন** | **২২৬৬.৩৫** | **২১৭৩.৪৫** | **-৯২.৯০** |
| জিওবি (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ |
| পিএ (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট উন্নয়ন(জিওবি+পিএ)** | **০.০০** | **০.০০** | ০.০০ |
| জিওবি (উন্নয়ন থোক) | ৯১১৫.০০ | ০.০০ | -৯১১৫.০০ |
| পিএ (উন্নয়ন থোক) | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট থোক (জিওবি+পিএ)** | **৯১১৫.০০** | **০.০০** | **-৯১১৫.০০** |
| **সর্বমোট উন্নয়ন(জিওবি+পিএ+থোক)** | **৯১১৫.০০** | **০.০০** | **-৯১১৫.০০** |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | **১১৩৮১.৩৫** | **২১৭৩.৪৫** | **-৯২০৭.৯০** |
| **আন্তর্জাতিক সংস্থার চাঁদা** | | | |
| **উপমোট (সহায়তা কার্যক্রম)** | ৭৩.০০ | ১৩৩.০০ | ৬০.০০ |
| **মৎস্য অধিদপ্তর** | | | |
| মোট পরিচালন | ২৭০৬৩.০০ | ২৮৯৪৫.৮৭ | ১৮৮২.৮৭ |
| জিওবি (উন্নয়ন) | ২৪২৪২.০০ | ২৫৯৫৫.০০ | ১৭১৩.০০ |
| পিএ (উন্নয়ন) | ৯৮৮৬.০০ | ৯৮৯৫.০০ | ৯.০০ |
| **মোট উন্নয়ন** | **৩৪১২৮.০০** | **৩৫৮৫০.০০** | ১৭২২.০০ |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | **৬১১৯১.০০** | **৬৪৭৯৫.৮৭** | ৩৬০৪.৮৭ |

১০৬৩

(অংকসমূহ লক্ষ টাকায়)

| মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা | মূল বাজেট | প্রস্তাবিত সংশোধিত বাজেট | প্রস্তাবিত সংশোধিত বাজেটে হ্রাস/বৃদ্ধি |
|---|---|---|---|
| | ২০১৮-১৯ | ২০১৮-১৯ | ২০১৮-১৯ |
| প্রাণিসম্পদ অধিদপ্তর | | | |
| **মোট পরিচালন** | ৬১৬৩৭.৬৫ | ৬৪৮৩২.৩২ | ৩১৯৪.৬৭ |
| জিওবি (উন্নয়ন) | ২২৬২৯.০০ | ২২৪৩১.০০ | -১৯৮.০০ |
| পিএ (উন্নয়ন) | ১০৩৬৯.০০ | ১০৭৬২.০০ | ৩৯৩.০০ |
| **মোট উন্নয়ন** | **৩২৯৯৮.০০** | **৩৩১৯৩.০০** | ১৯৫.০০ |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | **৯৪৬৩৫.৬৫** | **৯৮০২৫.৩২** | ৩৩৮৯.৬৭ |
| মেরিন ফিশারিজ একাডেমী | | | |
| **মোট পরিচালন** | ৮০৫.০০ | ৮০৫.০০ | ০.০০ |
| জিওবি (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ |
| পিএ (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট উন্নয়ন** | **০.০০** | **০.০০** | ০.০০ |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | **৮০৫.০০** | **৮০৫.০০** | ০.০০ |
| | | | |
| মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর | | | |
| **মোট পরিচালন** | ২৮৯.৮০ | ৩২০.২৭ | ৩০.৪৭ |
| জিওবি (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ |
| পিএ (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ |
| মোট উন্নয়ন | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | **২৮৯.৮০** | **৩২০.২৭** | ৩০.৪৭ |
| স্বায়ত্তশাসিত সংস্থা/প্রতিষ্ঠানসমূহ | | | |
| বাংলাদেশ মৎস্য গবেষণা ইনষ্টিটিউট | | | |
| মোট সহায়তা (নিজস্ব আয়সহ) | ৩২৬৫.০০ | ৩২৬৫.০০ | ০.০০ |
| নিজস্ব আয় | ২৭.০০ | ২৭.০০ | ০.০০ |
| **মোট সহায়তা (সরকারি অংশ)** | **৩২৩৮.০০** | **৩২৩৮.০০** | ০.০০ |
| জিওবি (উন্নয়ন) | ৩৪৪৯.০০ | ২৫৮৭.০০ | -৮৬২.০০ |
| পিএ (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট উন্নয়ন** | **৩৪৪৯.০০** | **২৫৮৭.০০** | **-৮৬২.০০** |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | **৬৬৮৭.০০** | **৫৮২৫.০০** | **-৮৬২.০০** |
| বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনষ্টিটিউট | | | |
| মোট সহায়তা (নিজস্ব আয়সহ) | ৩১২৯.০০ | ৩৪৯২.৪৯ | ৩৬৩.৪৯ |
| নিজস্ব আয় | ৯৫.০০ | ৯৮.০০ | ৩.০০ |
| **মোট সহায়তা (সরকারি অংশ)** | **৩০৩৪.০০** | **৩৩৯৪.৪৯** | ৩৬০.৪৯ |
| জিওবি (উন্নয়ন) | ২১৮২.০০ | ২৬৭৭.০০ | ৪৯৫.০০ |
| পিএ (উন্নয়ন) | ০.০০ | ২০০.০০ | ২০০.০০ |
| **মোট উন্নয়ন** | **২১৮২.০০** | **২৮৭৭.০০** | ৬৯৫.০০ |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | **৫২১৬.০০** | **৬২৭১.৪৯** | **১০৫৫.৪৯** |

(অংকসমূহ লক্ষ টাকায়)

| মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা | মূল বাজেট | প্রস্তাবিত সংশোধিত বাজেট | প্রস্তাবিত সংশোধিত বাজেটে হ্রাস/বৃদ্ধি |
|---|---|---|---|
| | ২০১৮-১৯ | ২০১৮-১৯ | ২০১৮-১৯ |
| বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল | | | |
| মোট সহায়তা (নিজস্ব আয়সহ) | ৯৪.০০ | ৮৪.১৫ | -৯.৮৫ |
| নিজস্ব আয় | ১.০০ | ৩.০০ | ২.০০ |
| **মোট সহায়তা (সরকারি অংশ)** | ৯৩.০০ | ৮১.১৫ | -১১.৮৫ |
| জিওবি (উন্নয়ন) | ০.০০ | ২০০.০০ | ২০০.০০ |
| পিএ (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ |
| মোট উন্নয়ন | ০.০০ | ২০০.০০ | ২০০.০০ |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | ৯৩.০০ | ২৮১.১৫ | ১৮৮.১৫ |
| বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন | | | |
| মোট সহায়তা | ০.০০ | ০.০০ | ০.০০ |
| লভ্যাংশ ও মুনাফা | ১০.০০ | ১০.০০ | ০.০০ |
| **মোট সহায়তা (সরকারি অংশ)** | ০.০০ | ০.০০ | ০.০০ |
| জিওবি (উন্নয়ন) | ৬৪৯৫.০০ | ২৮২৬.০০ | -৩৬৬৯.০০ |
| পিএ (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট উন্নয়ন** | ৬৪৯৫.০০ | ২৮২৬.০০ | -৩৬৬৯.০০ |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | ৬৪৯৫.০০ | ২৮২৬.০০ | -৩৬৬৯.০০ |
| **মোট-স্বায়ত্তশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠান (সহায়তা)** | ৬৩৬৫.০০ | ৬৭১৩.৬৪ | ৩৪৮.৬৪ |
| **মোট-স্বায়ত্তশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠান (নিজস্ব আয়)** | ১৩৩.০০ | ১৩৮.০০ | ৫.০০ |
| **মোট-স্বায়ত্তশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠান (উন্নয়ন)** | ১২১২৬.০০ | ৮৪৯০.০০ | -৩৬৩৬.০০ |
| **সর্বমোট মোট (পরিচালন)** | ৯৮৪৯৯.৮০ | ১০৩৯২৩.৫৫ | ৫৪২৩.৭৫ |
| **মোট জিওবি (উন্নয়ন)** | ৬৮১১২.০০ | ৫৬৬৭৬.০০ | -১১৪৩৬.০০ |
| **মোট পিএ (উন্নয়ন)** | ২০২৫৫.০০ | ২০৮৫৭.০০ | ৬০২.০০ |
| **সর্বমোট মোট উন্নয়ন (জিওবি+পিএ)** | ৮৮৩৬৭.০০ | ৭৭৫৩৩.০০ | -১০৮৩৪.০০ |
| **সর্বমোট (পরিচালন+উন্নয়ন)** | ১৮৬৮৬৬.৮০ | ১৮১৪৫৬.৫৫ | -৫৪১০.২৫ |

## আলোচ্যসূচি-৪: বিবিধঃ .......................।

সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

**সিদ্ধান্তসমূহঃ**

১) বাজেট পরিপত্র-১ এ ধার্যকৃত সিলিং এর আলোকে ২০১৯-২০ অর্থ বছরের রাজস্ব প্রাপ্তি, প্রস্তাবিত ব্যয়সীমার (পরিচালন ও উন্নয়ন) প্রাক্কলন এবং ২০২০-২১ ও ২০২১-২২ অর্থবছরে রাজস্ব প্রাপ্তি, প্রস্তাবিত ব্যয়সীমার (পরিচালন ও উন্নয়ন) প্রক্ষেপণ তথা বিভাজন অনুমোদন করা হয় এবং তা অর্থ বিভাগে প্রেরণর সিদ্ধান্ত গৃহিত হয়।

২) অর্থ বিভাগ থেকে প্রাপ্ত সিলিং এ মন্ত্রণালয় এবং অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/সংস্থা সমূহের চাহিদার তুলনায় প্রকল্প সাহায্যে অতিরিক্ত বরাদ্দকৃত ১২২০১.০০ লক্ষ টাকা হ্রাস এবং জিওবি (পরিচালন ও উন্নয়ন) অংশের ঘাটতি (৪২৪৪০.৩৮+৫০০০০.০০)= ৯২৪৪০.৩৮ লক্ষ টাকার অতিরিক্ত বরাদ্দ প্রদানের জন্য এ মন্ত্রণালয়ের সচিব কর্তৃক অর্থ বিভাগের সচিব বরাবরে আধাসরকারি পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

৩) অর্থ বিভাগ থেকে প্রাপ্ত সিলিং অনুসারে অধীনস্থ অধিদপ্তর/দপ্তর/সংস্থার ২০১৯-২০ অর্থবছরের বাজেট প্রাক্কলন ও ২০১২-২১, ২০২১-২২ অর্থবছরের প্রক্ষেপণ বিভাজন অর্থ বিভাগের পরিপত্র-১ এর নির্দেশনা মোতাবেক মধ্যমেয়াদি বাজেট কাঠামো প্রথম ভাগ (অংশ-১-অংশ-৫) এবং দ্বিতীয় ভাগ (অংশ-৬.১- অংশ-৬.৩) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)-এর কৌশলগত উদ্দেশ্যসমূহের সাথে মিল রেখে এবং অর্থ বিভাগের প্রেরিত অত্র মন্ত্রণালয়ের জন্য প্রযোজ্য টেমপ্লেট অনুযায়ী প্রণয়ন ও বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

৪) যুগ্ম-প্রধান, পরিকল্পনা উইং, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় বাজেটের উন্নয়ন সংক্রান্ত অংশের বিষয়ে পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগের সাথে যোগাযোগ রক্ষা করবেন।

৫) ২০১৮-১৯ অর্থবছরের জন্য প্রস্তুতকৃত সংশোধিত বাজেটে পরিচালন খাতে ১০৩৯২৩.৫৫ লক্ষ টাকা এবং উন্নয়ন (জিওবি+পিএ) খাতে ৭৭৫৩৩.০০ লক্ষ টাকা সর্বমোট ১৮১৪৫৬.৫৫ লক্ষ টাকা নির্ধারণ করা হয় এবং তা অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

৬) মন্ত্রণালয়সহ দপ্তর/অধিদপ্তর/সংস্থার সংশোধিত বাজেট iBAS-এ ডাটা এন্ট্রি সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ রইছউল আলম মন্ডল
সচিব
ও
সভাপতি
বাজেট ব্যবস্থাপনা কমিটি (বিএমসি)।